কুষ্টিয়া জেলা জামায়াতে আমীর আবুল হাশেম আর নেই

কুষ্টিয়া জেলা জামায়াতে ইসলামীর আমীর আবুল হাশেম সাহেব আর নেই। (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)।

আজ সোমবার (১৯ জানুয়ারি) কুষ্টিয়া শহরে আয়োজিত এক প্রতিবাদ মিছিলে বক্তব্য প্রদানকালে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। মিছিলটি মুফতি আমীর হাজমাকে হত্যার হুমকির প্রতিবাদে আয়োজন করা হয়। বক্তব্যের একপর্যায়ে তিনি শারীরিকভাবে অসুস্থ বোধ করলে সঙ্গে সঙ্গে তাকে হাসপাতালে নেওয়া হয়। তবে চিকিৎসাধীন অবস্থায় সেখানেই তিনি ইন্তেকাল করেন।

আবুল হাশেম ছিলেন একজন বর্ষীয়ান রাজনীতিবিদ, শিক্ষাবিদ ও সংগঠক। দীর্ঘদিন ধরে তিনি কুষ্টিয়া জেলায় জামায়াতে ইসলামীর নেতৃত্ব দিয়ে আসছিলেন। তার ইন্তেকালে রাজনৈতিক অঙ্গনসহ সর্বস্তরের মানুষের মাঝে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

তার মৃত্যুতে দলীয় নেতাকর্মী, শুভানুধ্যায়ী ও এলাকাবাসী গভীর শোক প্রকাশ করেছেন এবং মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন। একই সঙ্গে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।